



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
Gazipur Palli Bidyut Samity-1



সিনিয়র জেনারেল ম্যানেজার এর কার্যালয়
সদর দপ্তর; চান্দনা, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮, E-Mail: gazipbs@yahoo.com
Web Address: www.pbs1.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩০০.৫৬৯.০১.০৩৮.২৪. ৭৭

তারিখঃ ২৪ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

“নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর স্টোরে রক্ষিত নিম্নবর্ণিত পরিমাণ ‘ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ’ যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে আগ্রহী বাংলাদেশী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে নিম্নস্থ লেটার হেড প্যাডে (মোবাইল নাম্বার সহ) সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	নিলামতব্য মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১।	ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ	২৫,০০০ কেজি		
			সর্বমোট উদ্ধৃত মূল্য	

(কথায়ঃ.....)

“নিলাম দরপত্র জমা প্রদানের তারিখ, সময় এবং স্থান”

০১।	দরপত্র জমা প্রদানের তারিখ, সর্বশেষ সময় এবং স্থান	১৪/০১/২০২৪ খ্রিঃ রোজঃ রবিবার বেলা ১১:০০ ঘটিকায় বা এর পূর্বে দরপত্র- (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা এ রক্ষিত টেন্ডার বক্স; ও (খ) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, সদর দপ্তর, চান্দনা, গাজীপুর এ রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে।
০২।	দরপত্র খোলার তারিখ, সময় এবং স্থান	১৪/০১/২০২৪ খ্রিঃ রোজঃ রবিবার বেলা ১১:০৫ ঘটিকায়- (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা; ও (খ) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, সদর দপ্তর, চান্দনা, গাজীপুর এ উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে।

শর্তাবলীঃ

- ০১। সংশ্লিষ্ট নিলাম দরপত্রসমূহ সীলমোহরকৃত খামে উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যেকোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত স্থানে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, ডাকযোগে ও নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। নিলাম দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে ‘প্যাকেজিং কাঠ এর নিলাম দরপত্র’ কথাটি অবশ্যই লিখতে হবে।
- ০৩। বর্ণিত নিলামযোগ্য মালামালগুলোর জন্য সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নিলাম দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে নিরাপত্তা জামানত ‘গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১’ এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সঙ্গে জমা দিতে হবে। অন্যথায়, নিলাম দরপত্র নন-রেসপনসিভ বিবেচনা করা হবে।
- ০৪। বর্ণিত নিলামযোগ্য মালামালগুলো আগামী ১৩/০১/২০২৪ খ্রিঃ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর স্টোর, ভূরুলিয়া, গাজীপুর এ পরিদর্শন করা যাবে।

Handwritten signature

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- ০৫। আগ্রহী দরদাতাগণকে ক্রমিক নং-০১ এ বর্ণিত নিলামযোগ্য মালামালের জন্য দর দাখিল করতে হবে। এক্ষেত্রে সমুদয় মালামালের সর্বোচ্চ দাখিলকৃত দর বিবেচনায় নিয়ে বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট বর্ণিত মালামালগুলো বিক্রয় করা হবে। উল্লেখ্য যে, বর্ণিত 'ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ' এর ক্ষেত্রে অত্র পবিস কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের কম দর দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না।
- ০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ২৫% (পঁচিশ শতাংশ) নিরাপত্তা জামানত বাদে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে 'গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১' এর অনুকূলে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সহিত দাখিলকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে এবং কার্যাদেশও বাতিল করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাদের নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।
- ০৭। কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী ভ্যাট ও উৎসে কর (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করতে হবে।
- ০৮। অত্র পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৯। উপর্যুক্ত শর্তাবলীতে উল্লেখ্য নেই এমন যেকোন বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আবুল বাশার আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

বিতরণঃ (কার্যার্থে)

- ০১। ডিজিএম (ছায়াবীথি জোনাল অফিস), গাজীপুর পবিস-১।
০২। সহকারী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, গাজীপুর।
০৩। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), গাজীপুর পবিস-১।
০৪। এজিএম (আইটি-১/২), গাজীপুর পবিস-১। (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
০৫। স্টোর কিপার, গাজীপুর পবিস-১।
০৬। নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-১।
০৭। অফিস কপি/মাস্টার কপি।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, গাজীপুর।
০৪। পুলিশ সুপার, গাজীপুর।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো/এলজিইডি/সড়ক ও জনপদ বিভাগ, গাজীপুর।

নোটিশ বোর্ডের
মাধ্যমে বহল
প্রচারের জন্য
অনুরোধ
করা হল।

(মোঃ আবুল বাশার আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

৪০৮
০৪/০৮/২৭